ই-মেইলে প্রাপ্ত

ইমেইল/জিইপি/বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)
বাড়ি নং-৬, সোনারগাঁ জনপথ, সেক্টর নং-১১, উত্তরা, ঢাকা-১২৩০।
www.dknvat.gov.bd

নথি নং-ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(১৬৬)/ভ্যাট দিবস উদ্‌যাপন/২০১৮/ তারিখ ঃ

বিষয় : জাতীয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ/২০১৮ উদ্‌যাপন উপলক্ষ্যে ২৫/০৯/২০১৮খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী।

সূত্র : ১। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০৭৬.১২.০০১.১৩ (অংশ-৩)/১৫৫, তারিখ-১৬/০৯/২০১৮ খ্রিঃ।
২। এ দপ্তরের সমনথির পত্র নং-৭৭০০(০১-৩৩), তারিখ-২০/০৯/২০১৮ খ্রিঃ।

সভাস্থল : সম্মেলন কক্ষ, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।

তারিখ : ২৫/০৯/২০১৮খ্রিঃ, সময়-সকাল ১০:০০টা।

২৫/০৯/২০১৮খ্রিঃ তারিখে কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, ঢাকা (উত্তর) কমিশনারেটে আগামী ১০ ডিসেম্বর তারিখে জাতীয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ/২০১৮ উদযাপনের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (মূসক-বাস্তবায়ন ও আইটি) মিজ্ শাহনাজ পারভীন মহোদয় এর উপস্থিতিতে বোর্ডের সূত্র-১ এ বর্ণিত পত্রের মাধ্যমে গঠিত উদ্‌যাপন কমিটির এক প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। কমিটির আহবায়ক মিজ্ জাকিয়া সুলতানা উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা সংযুক্ত। (সংযুক্তি-ক)

০২। সভার শুরুতেই কমিটির আহবায়ক উপস্থিত সকলকে জানান যে, জাতীয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ/২০১৮ উদ্‌যাপন বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ইতোমধ্যেই ১নং সূত্রের মাধ্যমে একটি নির্দেশনা জারি করা হয়েছে। উক্ত নির্দেশনা মোতাবেক কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর, দক্ষিণ, পূর্ব ও পশ্চিম), বৃহৎ করদাতা ইউনিট, মূসক এবং মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা এবং ঢাকাস্থ কাস্টমস/ভ্যাট সংশ্লিষ্ট সকল দপ্তর একত্রে ঢাকায় কেন্দ্রীয়ভাবে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সমন্বয়ে একটি মতবিনিময় সভা ও র‍্যালির আয়োজন করবে। এছাড়াও, এ বছরের প্রতিপাদ্য বিষয়ের উপর আলোকপাত করে ভ্যাট বিষয়ে প্রধান জাতীয় দৈনিকসমূহে ক্রোড়পত্র প্রকাশ করা হবে। বোর্ডের উক্ত পত্র অনুযায়ী উদ্‌যাপন কমিটির কার্য পরিধি নিম্নরূপঃ-

(ক) ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০১৮ উদ্‌যাপন উপলক্ষে রেডিও/টিভি-তে ব্যাপক প্রচার করা ;

(খ) ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০১৮ উদ্‌যাপন উপলক্ষে বিশেষ পোস্টার বাংলাদেশ সরকারী মুদ্রণালয়ের মাধ্যমে ছাপানোর ব্যবস্থা করা এবং তা বিভিন্ন দপ্তরে বিতরণ করা ;

(গ) ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ পালন উপলক্ষে ভ্যাট প্রদানে উৎসাহব্যঞ্জক শ্লোগান সম্বলিত স্টিকার প্রস্তুত করা এবং তা বিভিন্ন দপ্তরে বিতরণ করা ;

(ঘ) ভ্যাট বিষয়ে গণসচেতনতা বৃদ্ধির জন্য ঢাকা শহরের গুরুত্বপূর্ণ মোড়/স্থান-এ পোস্টার/স্টীকার লাগানো;

(ঙ) ১০ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠেয় মতবিনিময় সভার সময় ও স্থান নির্ধারণ করা;

(চ) ১০ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠেয় মতবিনিময় সভায় কোন কোন অতিথিকে আমন্ত্রণ জানানো হবে সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ ;

(ছ) দাওয়াতপত্র ছাপানো ও বিতরণ ;

(জ) উপহার সামগ্রী ও সম্মাননা ক্রেস্ট ক্রয় ও বিতরণ ;

(ঝ) ভ্যাট বিষয়ে গণসচেতনতা বৃদ্ধির জন্য মোবাইল অপারেটরদের মাধ্যমে ভ্যাট বিষয়ক এস.এম.এস পাঠানোর ব্যবস্থা করা;

(ঞ) ভ্যাট বিষয়ে স্কুল ও কলেজ পর্যায়ে ছাত্র-ছাত্রীদের নিয়ে রচনা প্রতিযোগিতার আয়োজন:

(ট) জাতীয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উপলক্ষে Keynote পেপার প্রস্তুতকরণ;

(ঠ) ভ্যাট সংক্রান্ত নাটিকা/টিভিসি প্রস্তুত করে রেডিও এবং বিভিন্ন টেলিভিশন চ্যানেলে সম্প্রচার করা;

(ড) ভ্যাট বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ভ্যাট বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাগণের অংশগ্রহণে কয়েকটি টেলিভিশন চ্যানেলে মতবিনিময় সভা/টকশো আয়োজনের ব্যবস্থা করা;

(ঢ) ১০ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠেয় মতবিনিময় সভায় উপস্থিত অভ্যাগতদের মধ্যে ফোল্ডার (ফোল্ডারে Keynote দেয়া থাকবে), নোটবুক, কলম ইত্যাদি বিতরণ করা;

(ণ) ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০১৮ পালন উপলক্ষে ১০ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখে উল্লেখযোগ্য সংখ্যক বাংলা ও ইংরেজী জাতীয় দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ করা হবে (ক্রোড়পত্রে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় অর্থ মন্ত্রী, মাননীয় অর্থ প্রতিমন্ত্রী, প্রধানমন্ত্রীর মাননীয় অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি, জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান, সদস্য (মূসক-বাস্তবায়ন ও আইটি) ও আহ্বায়ক (ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদ্‌যাপন কমিটি) - সকলের বাণী, নিবন্ধ ও ছবি ব্যবহার করা হবে)। উল্লেখযোগ্য সংখ্যক বাংলা ও ইংরেজী জাতীয় দৈনিক পত্রিকায় ১০ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখে ০১(এক) পৃষ্ঠার (চার রং) ক্রোড়পত্র প্রকাশনার ব্যবস্থা গ্রহণ করা। জাতীয় রাজস্ব বোর্ডের সাথে আলোচনাক্রমে দৈনিক পত্রিকার নাম চূড়ান্ত করা;

(ত) ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ. ২০১৮ উদ্‌যাপন উপলক্ষে সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারি ও আমন্ত্রিত অতিথিদের উপস্থিতিতে আগামী ১০/১২/২০১৮ খ্রিঃ তারিখ সোমবার সকাল ৭:৩০ টায় জাতীয় রাজস্ব বোর্ড থেকে শুরু করে কাকরাইল মসজিদ, মৎস্য ভবন, হাইকোর্ট হয়ে প্রেস ক্লাব পর্যন্ত একটি র‍্যালির আয়োজন করা হবে। তবে র‍্যালির সময়সূচী চূড়ান্তকরণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের অনুমতি গ্রহণ করা। র‍্যালিকে প্রাণবন্ত, বর্ণিল করার লক্ষে ভ্যাট প্রদানে উৎসাহব্যঞ্জক শ্লোগান সম্বলিত ব্যানার তৈরি, গেঞ্জী ও ক্যাপ প্রস্তুতকরণ এবং অনুষ্ঠানে অংশগ্রহণকারীগণের মধ্যে বিতরণ করা (ব্যাপক প্রচারের লক্ষ্যে বিপুল সংখ্যক ক্যাপ ও গেঞ্জী রিকশা/সিএনজি চালক/পত্রিকা বিক্রেতা/হকারদের মধ্যে বিতরণ করা);

(থ) মতবিনিময় সভাস্থল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকাস্থ সকল ভ্যাট কমিশনারেট, বৃহৎ করদাতা ইউনিট মূসক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকাস্থ সকল আপীল কমিশনারেট, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, এয়ারপোর্ট, ঢাকাস্থ সকল শুল্ক ভবন - এর জন্য সাইজভিত্তিক ব্যানার তৈরি করা ও সে সকল ভবন সজ্জিত করা (যেমন-ফুট ব্যানার, রোল ব্যানার ইত্যাদি);

(দ) মতবিনিময় সভার শেষাংশে জাতীয় পর্যায়ে ও ঢাকাস্থ কমিশনারেটসমূহ কর্তৃক সংশ্লিষ্ট জেলা পর্যায়ে সর্বোচ্চ ভ্যাট প্রদানকারীগণকে ক্রেস্ট ও সম্মাননা প্রদান করা হবে। ঢাকার বাহিরের কমিশনারেটসমূহ সংশ্লিষ্ট জেলা পর্যায়ে সর্বোচ্চ মূসক প্রদানকারীগণের জন্য প্রস্তুতকৃত ক্রেস্ট ও সম্মাননা সংশ্লিষ্ট কমিশনারেটসমূহে পাঠানোর ব্যবস্থা গ্রহণ করা হবে। এ তালিকা জরুরি ভিত্তিতে সরবরাহের অনুরোধ জানিয়ে জাতীয় রাজস্ব বোর্ডে পত্র পাঠানো হবে। ঢাকাস্থ কমিশনারেটসমূহ সংশ্লিষ্ট জেলা পর্যায়ে সর্বোচ্চ মূসক প্রদানকারীগণকে ক্রেস্ট ও সম্মাননা প্রদান করা;

(ধ) ভ্যাট প্রদানে উৎসাহব্যঞ্জক শ্লোগান সম্বলিত বড় এবং ছোট ছাতা প্রস্তুত করা। বিভাগীয় শহর এবং জেলা শহরসমূহে অবস্থিত ট্রাফিক পুলিশবক্সে বড় ছাতাসমূহ সরবরাহ করা। উল্লেখ্য, বর্ণিত উপকরণ র‍্যালি কমিটিকে পূর্বেই বিলি করা; এবং

(ন) জাতীয় রাজস্ব বোর্ডের সাথে সংযোগকারী ০৩ টি রাস্তার প্রবেশ মুখে বর্ণিল ফেস্টুন ও ব্যানার দ্বারা সাজানো। শহরের গুরুত্বপূর্ণ স্থানে ভ্যাট শ্লোগান লেখা সম্বলিত বিল বোর্ড ও বেলুন স্থাপন করা হবে।

০৩। সূত্রোক্ত পত্রের সিদ্ধান্ত অনুযায়ী জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (মূসক-বাস্তবায়ন ও আইটি) এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় এবং তদারকির দায়িত্ব পালন করবেন।

০৪। অতঃপর জাতীয় রাজস্ব বোর্ডের উক্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে মূল্য সংযোজন করদাতাদের মধ্যে ভ্যাট বিষয়ে সচেতনতা সৃষ্টি এবং ভ্যাট কর্মকর্তাদের মধ্যে সেবার মানসিকতা তৈরি, বিকাশ ও উন্নয়নের লক্ষ্যে জাতীয় ভ্যাট দিবস এবং ভ্যাট সপ্তাহ উদ্‌যাপনের উদ্দেশ্যে সভায় বিস্তারিত আলাপ আলোচনা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :-

<u>সিদ্ধান্ত -১ :</u> জাতীয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ/২০১৮ উদ্‌যাপন উপলক্ষ্যে, বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের উদ্দেশ্যে একাধিক উপকমিটি গঠনের মাধ্যমে দায়িত্ব বন্টনের বিষয়ে সকলে একমত পোষণ করেন। এক্ষেত্রে পূর্ববর্তী অর্থবছরের কার্যক্রমের ধারাবাহিকতায়, যে দপ্তর যে উপ-কমিটির দায়িত্ব পালন করেছে, প্রধানত: উক্ত দপ্তরের মাধ্যমে (দু/একটি সামঞ্জস্যপূর্ণ ব্যতিক্রমী ক্ষেত্র ব্যতীত) সংশ্লিষ্ট কাজসমূহ সমন্বয় করা হবে। এছাড়া উদ্‌যাপন কমিটিতে পানগাঁও কাস্টম হাউস অন্তর্ভুক্ত নেই। উক্ত দপ্তরকে উপকমিটির দায়িত্ব প্রদানসহ, উদযাপন কমিটিতে অন্তর্ভুক্ত করা ও বোর্ডকে অবহিত করার বিষয়ে সিদ্ধান্ত হয়। এছাড়া এই বৎসর কী-নোট পেপার প্রস্তুতকরণ বিষয়ে একটি নতুন উপ-কমিটি গঠন করা হবে। অতঃপর সভা নিম্নরূপ উপ-কমিটিসমূহ এবং তাদের সাধারণ কার্যপরিধি (ToR) নির্ধারণ করা করে।

(ক) **আমন্ত্রণপত্র তৈরি ও বিতরণ উপ-কমিটি:**

| | |
|---|---|
| মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা। | আহ্বায়ক |

**উপ-কমিটির কার্যাবলী নিম্নরূপ:**

০১) উপ-কমিটির আহ্বায়ক সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করে আদেশ জারী করবেন এবং এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০২) উপ-কমিটির আহ্বায়ক সময়ে সময়ে উপ-কমিটির সভা করে গৃহীত কার্যক্রম বিষয়ে এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকে অবহিত রাখবেন।

০৩) অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেন:

ক) স্টিয়ারিং কমিটির অনুমোদন সাপেক্ষে আমন্ত্রণপত্র তৈরি;

খ) পূর্ববর্তী বছরের ধারাবাহিকতায় আমন্ত্রিত ব্যক্তিবর্গের তালিকা প্রণয়ন (ঢাকাস্থ বিভিন্ন চেম্বারসহ সকল জেলার চেম্বারসমূহের সভাপতি ও সহ-সভাপতি/সাধারণ সম্পাদকসহ)। এক্ষেত্রে নতুন কিছু সংযোজন বা বিয়োজন করতে হলে সেক্ষেত্রে স্টিয়ারিং কমিটির নজরে আনতে হবে;

গ) তাঁদের নিকট আমন্ত্রণপত্র পৌছানো নিশ্চিতকরণ;

ঘ) অবসর প্রাপ্ত ক্যাডার সদস্যগণের সাথে যোগাযোপূর্বক তাঁদের উপস্থিতি নিশ্চিতকরণ;

ঙ) অনুষ্ঠানের প্রধান অতিথি, বিশেষ অতিথি ও অন্যান্য ভিআইপি অতিথিদের সাথে নিবিড় যোগাযোগপূর্বক তাঁদের উপস্থিতির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

চ) জাতীয় পর্যায়ে এবং এলটিইউসহ ঢাকাস্থ ভ্যাট কমিশনারেটসমূহের অধিক্ষেত্রভুক্ত জেলাসমূহে সর্বোচ্চ মূসক পরিশোধকারী প্রতিষ্ঠানসমূহের স্বত্ত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালকদের পুরষ্কারবিতরণী অনুষ্ঠানে উপস্থিতি নিশ্চিতকরণ এবং তাদের অবর্তমানে প্রতিষ্ঠানের কোন পর্যায়ের কর্মকর্তা অংশগ্রহণ করবেন তা লিখিতভাবে "সর্বোচ্চ ভ্যাটদাতাগণকে পুরস্কার প্রদান প্রস্তুতি" উপ-কমিটির আহ্বায়ককে জানানো;

ছ) রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের তালিকা রচনা প্রতিযোগিতা আয়োজন উপ-কমিটি'র নিকট হতে সংগ্রহ এবং মতবিনিময় সভাস্থলে তাদের উপস্থিতি নিশ্চিতকরণ; এবং

জ) এ সংক্রান্ত অন্যান্য কার্যক্রম।

০৪) বিবিধ।

(খ) **টক-শো আয়োজন উপ-কমিটি:**

| | |
|---|---|
| কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা। | আহ্বায়ক |

**উপ-কমিটির কার্যাবলী নিম্নরূপ:**

০১) উপ-কমিটির আহ্বায়ক সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করে আদেশ জারী করবেন এবং এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০২) উপ-কমিটির আহ্বায়ক সময়ে সময়ে উপ-কমিটির সভা করে গৃহীত কার্যক্রম বিষয়ে এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০৩) অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেন:

ক) ভ্যাট বিষয়ে গণসচেতনতা বৃদ্ধির জন্য মোবাইল অপারেটরদের মাধ্যমে ভ্যাট বিষয়ক এস.এম.এস (SMS) প্রেরণ;

খ) ভ্যাট বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাগণের অংশগ্রহণে বিভিন্ন টেলিভিশনে টক-শো/মত বিনিময় অনুষ্ঠানের আয়োজন;

গ) এছাড়া, নিম্নে উল্লিখিত বিশিষ্টজনদের নিয়ে টেলিভিশন অনুষ্ঠান আয়োজন:

| |
|---|
| (১) মাননীয় অর্থমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ; |
| (২) মাননীয় অর্থ উপদেষ্টা ; |
| (৩) মাননীয় অর্থ প্রতিমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ; |
| (৪) জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। |
| (৫) কাস্টমস ও ভ্যাট অনুবিভাগের সকল সদস্য (০৮জন) ; |
| (৬) এফবিসিসিআই এর প্রেসিডেন্ট সহ বিভিন্ন চেম্বারের নেতৃবৃন্দ ; |

- এ লক্ষ্যে বিভিন্ন টিভি, বাংলাদেশ বেতার ও এফ.এম রেডিও চ্যানেল এর সাথে যোগাযোগ করে অনুষ্ঠানের সময় নির্ধারণ, সমন্বয়করণ এবং ব্যবস্থা গ্রহণ;

ঘ) মতবিনিময় সভা/টক শো-তে অংশগ্রহণের জন্য ভ্যাট বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাদের সমন্বয়ে বিভিন্ন প্যানেল গঠন ও তাদের অংশগ্রহণ নিশ্চিতকরণ; এবং

ঙ) ১০ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠেয় মতবিনিময় সভার আগের দিন (অর্থাৎ ০৯ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখ) জাতীয় রাজস্ব বোর্ডে প্রেস ব্রিফিংয়ের আয়োজন করা এবং এ লক্ষ্যে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাথে সকল ধরণের যোগাযোগ। ব্রিফিং শেষে মিডিয়া কর্মীদের মাঝে প্রেস রিলিজ বিতরন করা এবং উক্ত সময়েই উপহার সামগ্রী প্রস্তুত ও বিতরণ উপ-কমিটির সাথে সমন্বয়পূর্বক ভ্যাট দিবসের উপহার সামগ্রী মিডিয়া কর্মীদের মাঝে বিতরণ করা।

০৪) বিবিধ।

(গ) **প্রচার ও সাংস্কৃতিক উপ-কমিটি:**

| | |
|---|---|
| কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা। | আহ্বায়ক |

**উপ-কমিটির কার্যাবলী নিম্নরূপ:**

০১) উপ-কমিটির আহ্বায়ক সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করে আদেশ জারী করবেন এবং এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০২) উপ-কমিটির আহ্বায়ক সময়ে সময়ে উপ-কমিটির সভা করে গৃহীত কার্যক্রম বিষয়ে এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০৩) অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেন:

ক) জাতীয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ/২০১৮ পালন বিষয়ে রেডিও/টিভি-তে ব্যাপক প্রচার;

খ) পত্রিকায় বিজ্ঞপ্তির বিষয়বস্তু নির্বাচন, খসড়া প্রণয়ন ও প্রচারের ব্যবস্থা গ্রহণ;

গ) ভ্যাট বিষয়ে বিভিন্ন শ্লোগানসহ মূল প্রতিপাদ্য বিষয়ের শ্লোগান তৈরি ও স্টিয়ারিং কমিটির অনুমোদন গ্রহণ;

ঘ) ঐ সকল শ্লোগান ক্যাবল অপারেটরের মাধ্যমে প্রচার, রেডিও, টিভি ও সিনেমা হলে প্রচার ও অন্যান্য মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

ঙ) ভ্যাট পরিশোধকারীদের উদ্বুদ্ধকরণের লক্ষ্যে এ সংক্রান্ত ছোট নাটিকা তৈরি। পূর্বে প্রস্তুতকৃত বিভিন্ন টিভিসি সংযোজন, বিয়োজন সম্পন্নকরণ ও তা সম্প্রচারের লক্ষ্যে বিভিন্ন প্রযোজকদের সাথে যোগাযোগ, বিষয়বস্তু নির্ধারণ এবং তা তৈরি করে নির্ধারিত ফরম্যাটে তা টিভি ও এফ.এম রেডিও চ্যানেলসমূহের নিকট হস্তান্তর ও প্রচারের ব্যবস্থা গ্রহণ; এবং

চ) প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাথে সকল ধরণের যোগাযোগ।

০৪) বিবিধ।

(ঘ) **পোস্টার ও স্টিকার তৈরি ও বিতরণ উপ-কমিটি:**

| | |
|---|---|
| কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা। | আহ্বায়ক |

**উপ-কমিটির কার্যাবলী নিম্নরূপ:**

০১) উপ-কমিটির আহ্বায়ক সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করে আদেশ জারী করবেন এবং এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০২) উপ-কমিটির আহ্বায়ক সময়ে সময়ে উপ-কমিটির সভা করে গৃহীত কার্যক্রম বিষয়ে এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকে অবহিত রাখবেন।

০৩) অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেন:

ক) ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ পালন উপলক্ষ্যে বিশেষ পোস্টার স্টিয়ারিং কমিটির মাধ্যমে অনুমোদনপূর্বক সরকারী মুদ্রণালয়ের মাধ্যমে ছাপানোর ব্যবস্থা করা এবং তা বিভিন্ন দপ্তরে বিতরণ করা ;

খ) ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ পালন উপলক্ষ্যে মূসক প্রদানে উৎসাহব্যঞ্জক শ্লোগান সম্বলিত স্টিকার উক্তরুপভাবে অনুমোদন গ্রহণ পূর্বক প্রস্তুককরণ ও তা বিভিন্ন দপ্তরে বিতরণ; এবং

গ) প্রচার কমিটির সাথে যোগাযোগ রক্ষা করে কার্যক্রম সমন্বয় সাধন।

০৪) বিবিধ।

(ঙ) **ক্রোড়পত্র উপ-কমিটি:**

| | |
|---|---|
| মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা। | আহ্বায়ক |

**উপ-কমিটির কার্যাবলী নিম্নরূপ:**

০১) উপ-কমিটির আহ্বায়ক সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করে আদেশ জারী করবেন এবং এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০২) উপ-কমিটির আহ্বায়ক সময়ে সময়ে উপ-কমিটির সভা করে গৃহীত কার্যক্রম বিষয়ে এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০৩) অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেন:

ক) ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০১৮ পালন উপলক্ষে ১০ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখে উল্লেখযোগ্য সংখ্যক বাংলা ও ইংরেজী জাতীয় দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন। উল্লেখযোগ্য সংখ্যক বাংলা ও ইংরেজী জাতীয় দৈনিক পত্রিকায় ১০ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখে ০১(এক) পৃষ্ঠার (চার রং) ক্রোড়পত্র প্রকাশনার ব্যবস্থা গ্রহণ করবেন। জাতীয় রাজস্ব বোর্ডের সাথে আলোচনাক্রমে দৈনিক পত্রিকার নাম চূড়ান্ত করবেন ; এবং

খ) ক্রোড়পত্রে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় অর্থ মন্ত্রী, মাননীয় অর্থ প্রতিমন্ত্রী, প্রধানমন্ত্রীর মাননীয় অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা, জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান, সদস্য (মূসক-বাস্তবায়ন ও আইটি) ও আহ্বায়ক (ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদ্‌যাপন কমিটি - সকলের বাণী, নিবন্ধ ও ছবি সংগ্রহপূর্বক তা ব্যবহার নিশ্চিত করবেন।

০৪) বিবিধ।

(চ) **ব্যানার, বিলবোর্ড, ফেস্টুন, প্ল্যাকার্ড ও আলোকসজ্জা উপ-কমিটি:**

| | |
|---|---|
| কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা। | আহ্বায়ক |

**উপ-কমিটির কার্যাবলী নিম্নরূপ:**

০১) উপ-কমিটির আহ্বায়ক সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করে আদেশ জারী করবেন এবং এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০২) উপ-কমিটির আহ্বায়ক সময়ে সময়ে উপ-কমিটির সভা করে গৃহীত কার্যক্রম বিষয়ে এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০৩) অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেন:

ক) রাজস্ব ভবনসহ অন্যান্য অফিস ভবন, গুরুত্বপূর্ণ সড়কদ্বীপ, বিজয় সরণি ফোয়ারা, ফুটওভার ব্রীজ ও গোল চত্বরসমূহ ব্যানার, ফেস্টুন, প্ল্যাকার্ড, ইত্যাদি দ্বারা সজ্জিত করা এবং আলোক সজ্জার ব্যবস্থা করা। বিভিন্ন দপ্তর জাতীয় রাজস্ব বোর্ড থেকে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদ্‌যাপন উপলক্ষে প্রচারণা খাতে প্রাপ্ত বাজেট বরাদ্দ দ্বারা নিজ নিজ দপ্তর আলোক সজ্জার ব্যবস্থা গ্রহণ করবেন। তবে যে সকল দপ্তরকে জাতীয় রাজস্ব বোর্ড থেকে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদ্‌যাপন উপলক্ষে প্রচারণা খাতে বাজেট বরাদ্দ প্রদান করা হয় নাই, এই উপ-কমিটি সে সকল দপ্তরে আলোক সজ্জার ব্যবস্থা গ্রহণ করবেন;

খ) ঢাকাস্থ বিভিন্ন দপ্তর [জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকাস্থ সকল ভ্যাট কমিশনারেট, বৃহৎ করদাতা ইউনিট মূসক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকাস্থ সকল আপীল কমিশনারেট, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, এয়ারপোর্ট, ঢাকাস্থ সকল কাস্টম হাউস]-এর জন্য সাইজভিত্তিক ব্যানার তৈরি ও সে সকল ভবন সজ্জিতকরণ (যেমন - ফুট ব্যানার, রোল ব্যানার, ইত্যাদি);

গ) ভবন ব্যতীত কোন্ কোন্ গুরুত্বপূর্ণ স্থান বা মোড়ে ব্যানার সজ্জিতকরণ করা হবে তা নির্ধারণ ও তথায় ব্যানার সজ্জিতকরণ;

ঘ) ব্যানারে কি বাণী/শ্লোগান লিখতে হবে তা প্রণয়ন ও নির্ধারণ (এ বিষয়ে **প্রচার ও সাংস্কৃতিক উপ-কমিটি'র** সাথে **সমন্বয় সাধন);**

ঙ) ব্যানারের কয়েকটি নমুনা প্রস্তুত করে অনুমোদন/বাছাইকরণের জন্য স্টিয়ারিং কমিটির নিকট উপস্থাপন;

চ) সম্মেলন কেন্দ্রের প্রধান ফটকে সামঞ্জস্যপূর্ণ রং ও আকারের ব্যানার তৈরি ও সজ্জিতকরণ (তবে, মঞ্চের পিছনের ব্যানারটি 'মঞ্চ সজ্জা উপ-কমিটি' কর্তৃক করা হবে);

ছ) গুরুত্বপূর্ণ স্থানে স্থাপিত বিলবোর্ডে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহের সাথে সঙ্গতিপূর্ণ বক্তব্য ও ছবি সম্বলিত প্রচারণার ব্যবস্থা গ্রহণ (এ লক্ষ্যে পূর্বেই স্টিয়ারিং কমিটির অনুমোদন গ্রহণ করতে হবে); এবং

ছ) গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় "ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ/২০১৮" লিপিবদ্ধ বড় বেলুন উড্ডয়নের মাধ্যম প্রচারণার ব্যবস্থা গ্রহণ।

০৪) বিবিধ।

**(ছ) র‍্যালি উপ-কমিটি:**

| | |
|---|---|
| কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা। | আহ্বায়ক |

<u>উপ-কমিটির কার্যাবলী নিম্নরূপ:</u>

০১) উপ-কমিটির আহ্বায়ক সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করে আদেশ জারী করবেন এবং এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০২) উপ-কমিটির আহ্বায়ক সময়ে সময়ে উপ-কমিটির সভা করে গৃহীত কার্যক্রম বিষয়ে এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০৩) অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেন:

ক) জাতীয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ/২০১৮ উদ্‌যাপন উপলক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারি ও আমন্ত্রিত অতিথিদের উপস্থিতিতে আগামী ১০/১২/২০১৮ খ্রিঃ তারিখ রবিবার সকাল ৭:৩০ টায় জাতীয় রাজস্ব বোর্ড থেকে শুরু করে কাকরাইল মসজিদ, মৎস্য ভবন, হাইকোর্ট হয়ে প্রেস ক্লাব পর্যন্ত একটি র‍্যালির আয়োজন করা। তবে র‍্যালির সময়সূচী ও রুট চূড়ান্তকরণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের অনুমতি গ্রহণ করা;

খ) একটি চৌকষ বাদক দলের আয়োজন ও তাদের র‍্যালিতে অংশগ্রহণ নিশ্চিতকরণ;

গ) র‍্যালিকে প্রাণবন্ত, বর্ণিল করার লক্ষ্যে মূসক প্রদানে উৎসাহব্যঞ্জক শ্লোগান সম্বলিত ব্যানার/প্ল্যাকার্ড তৈরি। এছাড়া র‍্যালির মূল ব্যানার তৈরী করা;

ঘ) র‍্যালির বিষয়ে কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ এর সাথে প্রয়োজনীয় যোগাযোগ করতে হবে (উপ-কমিটির আহ্বায়ক কর্তৃক মেট্রোপলিটন পুলিশ বরাবরে অনুমতির আবেদন জানানো হবে);

ঙ) র‍্যালির প্রয়োজনে ঘোড়ার গাড়ীর ব্যবস্থা করা ও অন্ততঃ ২টি ট্রাক সাজানো;

চ) উদ্বোধনের জন্য বেলুন ও পায়রার ব্যবস্থা করা (২টি বড় গ্যাস বেলুনসহ);

ছ) মাননীয় মন্ত্রী মহোদয় র‍্যালিতে উপস্থিত থাকার বিষয়ে সম্মতি প্রদান করলে সেক্ষেত্রে তাঁর নিরাপত্তা ও অন্যান্য বিষয়ে সমন্বয় করা;

জ) বাংলাদেশের বিভিন্ন ক্ষেত্রে সেলিব্রিটিদের র‍্যালিতে অংশগ্রহণের ব্যবস্থা করতে হবে;

ঝ) র‍্যালিতে অংশগ্রহণকারী বিশেষ অতিথিদের অনুষ্ঠানস্থলে প্রযোজ্য ক্ষেত্রে Escort করে নিয়ে আসা ও যথাযথ সম্মানের সাথে বিদায় জানানো;

ঞ) ফার্স্ট এইডের ব্যবস্থা রাখতে হবে;

ট) আহ্বায়কের কাজের সুবিধার্থে তাঁর কমিটিকে ২/৩টি সাব-কমিটিতে বিভক্ত করে সুনির্দিষ্ট কাজের দায়িত্ব প্রদান করবেন এবং মূল কমিটির সদস্য সচিবকে তা অবহিত করবে;

ঠ) এ সংক্রান্ত অন্যান্য কার্যক্রম; এবং

ড) র‍্যালি ও মতবিনিময় সভায় ছবি তোলা ও ভিডিও করা।

০৪) বিবিধ।

**(জ) র‍্যালির উপকরণ (গেঞ্জী, ক্যাপ, ছাতা, ইত্যাদি) সরবরাহ উপ-কমিটি:**

| | |
|---|---|
| কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা। | আহ্বায়ক |

**উপ-কমিটির কার্যাবলী নিম্নরূপ:**

০১) উপ-কমিটির আহ্বায়ক সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করে আদেশ জারী করবেন এবং এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০২) উপ-কমিটির আহ্বায়ক সময়ে সময়ে উপ-কমিটির সভা করে গৃহীত কার্যক্রম বিষয়ে এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০৩) অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেন:

ক) জাতীয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ/২০১৮, উহার তারিখ ও মূল শ্লোগান মুদ্রিত গেঞ্জী, ক্যাপ ও ছাতা প্রস্তুতকরণ;

খ) অনুষ্ঠানে অংশগ্রহণকারীগণের মধ্যে গেঞ্জী, ক্যাপ ও ছাতা বিতরণ (সংশ্লিষ্ট দপ্তরসমূহের মাধ্যমে) এবং ব্যাপক প্রচারের লক্ষ্যে গেঞ্জী ও ক্যাপ রিকশা/সিএনজি চালক/পত্রিকা বিক্রেতা/হকারদের মধ্যে বিতরণ;

গ) ভ্যাট প্রদানে মূল শ্লোগান সম্বলিত বড় এবং ছোট ছাতা প্রাপ্ত বাজেট অনুযায়ী সংগ্রহ করা হবে। বিভাগীয় শহর এবং জেলা শহরসমূহে অবস্থিত ট্রাফিক পুলিশ বক্সে বড় ছাতাসমূহ সরবরাহ করা হবে। উল্লেখ্য, বর্ণিত গেঞ্জি ও ক্যাপ মাননীয় মন্ত্রী মহোদয়গণের দপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় পরিদপ্তরসহ বিভিন্ন দপ্তরে পূর্বেই বিলি করতে হবে।

০৪) বিবিধ।

**(ঝ) অভ্যর্থনা উপ-কমিটি:**

| | |
|---|---|
| কমিশনার, কাস্টম হাউস, পানগাঁও। | আহ্বায়ক |
| কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা কর্তৃক মনোনীত যুগ্ম/অতিরিক্ত কমিশনার পর্যায়ের কর্মকর্তা। | সদস্য সচিব |

উপ-কমিটির কার্যাবলী নিম্নরূপঃ

০১) উপ-কমিটির আহ্বায়ক সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করে আদেশ জারী করবেন এবং এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০২) উপ-কমিটির আহ্বায়ক বিভিন্ন সময়ে উপ-কমিটির সভা করে গৃহীত কার্যক্রম বিষয়ে এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০৩) উপ-কমিটি সেমিনারে আগত অতিথিদের সাদরে গ্রহণ, যথাযথ আসনে উপবেশনের ব্যবস্থাকরণ ও প্রয়োজনীয় সকল কাজ সম্পাদনের কার্যক্রম গ্রহণ করবেনঃ

০৪) মতবিনিময় সভায় অংশগ্রহণকারী মন্ত্রী মহোদয়গণ, উপদেষ্টা মহোদয় ও বিশিষ্ট অতিথিবৃন্দকে অনুষ্ঠানস্থলে প্রযোজ্য ক্ষেত্রে Escort করে নিয়ে আসা ও যথাযথ সম্মানের সাথে বিদায় জানানো;

০৫) অভ্যর্থনা উপকমিটিকে ঢাকা (দক্ষিণ) কমিশনার প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদান করবেন; এবং

০৬) বিবিধ।

(ঞ) মঞ্চ সজ্জা উপ-কমিটিঃ

| | |
|---|---|
| কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা। | আহ্বায়ক |

উপ-কমিটির কার্যাবলী নিম্নরূপঃ

০১) উপ-কমিটির আহ্বায়ক সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করে আদেশ জারী করবেন এবং এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০২) উপ-কমিটির আহ্বায়ক সময়ে সময়ে উপ-কমিটির সভা করে গৃহীত কার্যক্রম বিষয়ে এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০৩) জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদনক্রমে নির্ধারিত ভেন্যুতে মতবিনিময় সভার আয়োজন করা হবে, অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেনঃ

ক) সম্মেলন কেন্দ্রের মঞ্চ সজ্জা ও মঞ্চের আসন বিন্যাসের কাজ এই কমিটি সম্পন্ন করবে। অনুষ্ঠান শুরুর পূর্বে অনুষ্ঠানস্থলে সজ্জা ও অন্যান্য যাবতীয় বিষয়াদি সম্পন্ন করা;

খ) মঞ্চের পিছনের ব্যানার তৈরি, ব্যানারের বক্তব্য লিখন ও প্রদর্শন;

গ) সভায় নিরবচ্ছিন্ন শব্দ যন্ত্রের ব্যবস্থাকরণ; এবং

ঘ) হল রুমের মধ্যকার সাজ-সজ্জার ব্যবস্থাকরণ।

০৪) বিবিধ।

(ট) মত বিনিময় সভা আয়োজন ও পরিচালনা উপ-কমিটিঃ

| | |
|---|---|
| কমিশনার, কাস্টম হাউজ (আইসিডি), কমলাপুর, ঢাকা। | আহ্বায়ক |

উপ-কমিটির কার্যাবলী নিম্নরূপঃ

০১) উপ-কমিটির আহ্বায়ক সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করে আদেশ জারী করবেন এবং এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০২) উপ-কমিটির আহ্বায়ক সময়ে সময়ে উপ-কমিটির সভা করে গৃহীত কার্যক্রম বিষয়ে এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০৩) অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেনঃ

ক) সেমিনারের জন্য ফোল্ডার তৈরি করা;

খ) ফোল্ডারে সরবরাহের জন্য ভ্যাট দিবসের মূল শ্লোগানসহ প্যাড, কলম ও স্টিকার ইত্যাদি তৈরি করা;

গ) কীনোট পেপার প্রস্তুতকরণ উপ-কমিটি'র নিকট হতে অনুমোদিত Keynote সংগ্রহ করে বই আকারে ছাপানো এবং ফোল্ডারে প্রদান;

ঘ) ফোল্ডারে Keynote, প্যাড, কলম ও স্টিকার দেয়াসহ সভা শুরুর প্রারম্ভে আমন্ত্রিত অতিথিদের চেয়ারে তা বিতরণ;

ঙ) সম্মেলন কেন্দ্রের অতিথিদের আসন বিন্যাস ও অনুষ্ঠান পরিচালনার সার্বিক ব্যবস্থাপনা ও শৃঙ্খলা বিধানের কাজ এই কমিটি সম্পন্ন করবেন;

চ) অনুষ্ঠানের জন্য একাধিক সঞ্চালক নির্বাচন করে অনুষ্ঠান সঞ্চালনের ব্যবস্থা নেয়া;

ছ) কোরআন তেলাওয়াতের ব্যবস্থা করা;

জ) অতিথিদের পুষ্পস্তবক প্রদানের ব্যবস্থা করা এবং তা প্রদান;

ঝ) অনুষ্ঠানস্থলের বাহিরে অতিথিদের আগমন ও অনুষ্ঠানস্থলে আসন গ্রহণ বিষয়ে অভ্যর্থনা কমিটির সাথে সমন্বয় সাধন করা;

ঞ) মঞ্চে নির্মিত টেবিলসহ অনুষ্ঠান স্থলে পদমর্যাদা/ক্যাটাগরী অনুযায়ী আসন বিন্যাস ও চিহ্নিতকরণ বিষয়ে অভ্যর্থনা কমিটির সাথে সমন্বয় সাধন করা; এবং

ট) সেমিনার সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় অন্যান্য যে কোন কাজ।

০৪) বিবিধ।

(ঠ) আপ্যায়ন উপ-কমিটি:

| | |
|---|---|
| কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা। | আহ্বায়ক |

উপ-কমিটির কার্যাবলী নিম্নরূপ:

০১) উপ-কমিটির আহ্বায়ক সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করে আদেশ জারী করবেন এবং এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০২) উপ-কমিটির আহ্বায়ক সময়ে সময়ে উপ-কমিটির সভা করে গৃহীত কার্যক্রম বিষয়ে এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০৩) অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেন:

ক) উন্নতমানের খাবার পরিবেশনে সক্ষম এমন ক্যাটারার-এর সাথে সমন্বয় করে খাদ্য প্রস্তুত ও পরিবেশনার সামগ্রিক কার্যক্রম সম্পাদন;

খ) যে অংশে খাবার পরিবেশন করা হবে সেই অংশের আসন বিন্যাস, ডেকোরেশন;

গ) আমন্ত্রিত গণ্যমাণ্য ব্যক্তিবর্গ, অন্যান্য অতিথি এবং গাড়িচালকদের জন্য স্বতন্ত্রভাবে খাদ্য প্রস্তুত ও পরিবেশনার কার্যক্রম সম্পাদন;

ঘ) র‍্যালিতে অংশগ্রহণকারীদের এবং আমন্ত্রিত অতিথিদের সকালের নাস্তার আয়োজন করা (এক্ষেত্রে র‍্যালি আয়োজন উপ-কমিটি'র সাথে সমন্বয় করতে হবে);

ঙ) অনুষ্ঠানস্থলে যথাযথভাবে গাড়ী পার্কিং তদারকি ও নিয়ন্ত্রণ; এবং

চ) উপর্যুক্ত ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড ও স্টিয়ারিং কমিটির নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

০৪) বিবিধ।

(ড) **উপহার সামগ্রী প্রস্তুত ও বিতরণ উপ-কমিটি:**

| | |
|---|---|
| কমিশনার, কাস্টম হাউস, ঢাকা। | আহ্বায়ক |

**উপ-কমিটির কার্যাবলী নিম্নরূপ:**

০১) উপ-কমিটির আহ্বায়ক সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করে আদেশ জারী করবেন এবং এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০২) উপ-কমিটির আহ্বায়ক সময়ে সময়ে উপ-কমিটির সভা করে গৃহীত কার্যক্রম বিষয়ে এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০৩) অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেন:

ক) ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহের মূল শ্লোগান সম্বলিত উপহার যেমন-জুট ব্যাগ, থার্মোফ্লাক্স মগ, অর্গানাইজার ইত্যাদি তৈরি করা (স্টিয়ারিং কমিটির অনুমোদনক্রমে) ; এবং

খ) উপহার সামগ্রী জাতীয় রাজস্ব বোর্ডসহ বিভিন্ন দপ্তরে বিতরণ।

০৪) বিবিধ।

(ঢ) **সর্বোচ্চ ভ্যাটদাতাগণকে পুরস্কার প্রদান প্রস্তুতি উপ-কমিটি:**

| | |
|---|---|
| মহাপরিচালক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা। | আহ্বায়ক |

**উপ-কমিটির কার্যাবলী নিম্নরূপ:**

০১) উপ-কমিটির আহ্বায়ক সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করে আদেশ জারী করবেন এবং এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০২) উপ-কমিটির আহ্বায়ক বিভিন্ন সময়ে উপ-কমিটির সভা করে গৃহীত কার্যক্রম বিষয়ে এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০৩) অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেন:

ক) দেশব্যাপী জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত সর্বোচ্চ করদাতাগণের তালিকা জাতীয় রাজস্ব বোর্ড হতে সংগ্রহকরণ এবং তাদেরকে আমন্ত্রণপত্র প্রেরণসহ উপস্থিতির বিষয়ে সার্বিক মনিটরিং;

খ) পুরস্কারের ক্রেস্ট ও নকশা প্রণয়ন এবং স্টিয়ারিং কমিটির অনুমোদন গ্রহণপূর্বক ক্রেস্ট ও সম্মাননা-পত্র প্রস্তুতকরণ; এবং

গ) জাতীয় মূসক দিবসের মূল অনুষ্ঠানে মাননীয় প্রধান অতিথি কর্তৃক ক্রেস্ট ও সম্মাননা-পত্র বিতরণের ক্ষেত্রে যাবতীয় ব্যবস্থা গ্রহণ।

০৪) বিবিধ।

(ণ) **নিরাপত্তা উপ-কমিটি:**

| | |
|---|---|
| কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা। | আহ্বায়ক |

**উপ-কমিটির কার্যাবলী নিম্নরূপ:**

০১) উপ-কমিটির আহ্বায়ক সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করে আদেশ জারী করবেন এবং এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০২) উপ-কমিটি আগামী ১০ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখে জাতীয় ভ্যাট দিবস উদযাপন উপলক্ষ্যে গৃহীত সকল সভা, সেমিনার ইত্যাদি (র‌্যালি ও মতবিনিময় সভা অনুষ্ঠানস্থলে) আইন প্রয়োগকারী সংস্থার সাথে সমন্বয়পূর্বক প্রয়োজনীয় সংখ্যক নিরাপত্তাকর্মীর উপস্থিতি নিশ্চিতকরণসহ সার্বিক নিরাপত্তা রক্ষার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।

০৩) উপ-কমিটির আহ্বায়ক সময়ে সময়ে উপ-কমিটির সভা করে গৃহীত কার্যক্রম বিষয়ে মূল কমিটির সদস্য-সচিবকে অবহিত রাখবেন।

০৪) বিবিধ।

**(ত) অডিট উপ-কমিটি:**

| | |
|---|---|
| কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১। | আহ্বায়ক |

উপ-কমিটির কার্যাবলী নিম্নরূপ:

০১) উপ-কমিটির আহ্বায়ক সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করে আদেশ জারী করবেন এবং এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০২) বর্ণিত উপ-কমিটি অন্যান্য উপ-কমিটির ব্যয় সংক্রান্ত যাবতীয় কার্যাবলী নিরীক্ষার কার্যক্রম গ্রহণ করবে।

০৩) উপ-কমিটির আহ্বায়ক সময়ে সময়ে উপ-কমিটির সভা করে গৃহীত কার্যক্রম বিষয়ে এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০৪) উপ-কমিটি নিরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে পূর্ণাঙ্গ নিরীক্ষা প্রতিবেদন উদযাপন কমিটির আহ্বায়কের নিকট প্রেরণ করবেন।

০৫) বিবিধ।

**(থ) রচনা/কুইজ প্রতিযোগিতা আয়োজন উপ-কমিটি:**

| | |
|---|---|
| কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা। | আহ্বায়ক |
| জনাব সৈয়দ মুসফিকুর রহমান, প্রথম সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা. অতিঃ দায়িত্ব-ভ্যাট অনলাইন প্রজেক্ট (পূর্ণকালীন)। | সদস্য-সচিব |

উপ-কমিটির কার্যাবলী নিম্নরূপ:

০১) উপ-কমিটির আহ্বায়ক সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করে আদেশ জারী করবেন এবং এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০২) উপ-কমিটির আহ্বায়ক সময়ে সময়ে উপ-কমিটির সভা করে গৃহীত কার্যক্রম বিষয়ে এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০৩) অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেন:

ক) ভ্যাট বিষয়ে স্কুল ও কলেজ পর্যায়ে ছাত্র-ছাত্রীদের নিয়ে রচনা প্রতিযোগিতার আয়োজন; এবং

খ) বিজয়ীদের জন্য ক্রেস্ট, সনদপত্র ও প্রাইজবন্ড/নগদ অর্থ প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

০৪) বিবিধ।

**(দ) কীনোট পেপার প্রস্তুতকরণ উপ-কমিটি:**

| | |
|---|---|
| জনাব সৈয়দ মুসফিকুর রহমান, প্রথম সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা. অতিঃ দায়িত্ব-ভ্যাট অনলাইন প্রজেক্ট (পূর্ণকালীন)। | আহবায়ক |
| জনাব এ.কে.এম. মাহবুবুর রহমান, অতিরিক্ত কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা। | সদস্য সচিব |
| জনাব হাছান মুহম্মদ তারেক রিকাবদার, প্রথম সচিব (মূসক-নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সদস্য |
| জনাব মোঃ তারেক হাসান, দ্বিতীয় সচিব (মূসক-আইন ও বিধি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সদস্য |

উপ-কমিটির কার্যাবলী নিম্নরূপঃ

০১) উপ-কমিটির আহ্বায়ক সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করে আদেশ জারী করবেন এবং এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০২) উপ-কমিটির আহ্বায়ক সময়ে সময়ে উপ-কমিটির সভা করে গৃহীত কার্যক্রম বিষয়ে এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন।

০৩) উপ-কমিটি Keynote প্রস্তুত করে তা স্টিয়ারিং কমিটি'র অনুমোদন গ্রহণ করবেন। অতঃপর বই আকারে ছাপানোসহ ফোল্ডারে প্রদানের লক্ষ্যে "মত বিনিময় সভা আয়োজন ও পরিচালনা উপ-কমিটি"র নিকট হস্তান্তর করবেন।

০৪) বিবিধ।

সিদ্ধান্ত –২ : উপ-কমিটির আহ্বায়ক প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করে আদেশ জারী করবেন, এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও অবহিত রাখবেন। একই সাথে উপকমিটির আহবায়কগণ, সময়ে সময়ে তাঁর উপকমিটির সভা আহবান করবেন। সভার সিদ্ধান্ত ও এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকীর দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয় এ উদযাপন কমিটির আহবায়ককে অবহিত করবেন। এছাড়া উপকমিটির আহবায়কগণ এ সংক্রান্ত কার্যক্রমের ও সমন্বয়ের দায়িত্বপ্রাপ্ত সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) ও উদযাপন কমিটির আহবায়কের সাথে সমন্বয় রেখে স্ব-স্ব উপকমিটির উপর ন্যস্ত দায়িত্বসমূহ পালন করবেন।

সিদ্ধান্ত –৩ : জাতীয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদ্‌যাপনের যাবতীয় ব্যয়ভার নির্বাহের জন্য জাতীয় রাজস্ব বোর্ড থেকে সংশ্লিষ্ট কমিশনারেটসমূহের অনুকূলে তার উপ-কমিটির কাজের জন্য যে বাজেট বরাদ্দ দেয়া হবে সে অর্থ হতেই প্রয়োজনীয় ব্যয়ভার নির্বাহ করতে হবে।

সিদ্ধান্ত–৪ : প্রতিটি উপ-কমিটির আহ্বায়ক তাঁর নেতৃত্বে গঠিত উপ-কমিটির কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য যে পরিমাণ অর্থ খরচ হবে (সম্ভাব্য), তা আগামী ০৩ অক্টোবর, ২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে আহ্বায়ক, ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০১৮ উদ্‌যাপন কমিটির নিকট প্রেরণ করবেন এবং এর একটি অনুলিপি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (মূসক-বাস্তবায়ন ও আইটি) মহোদয় বরাবর প্রেরণ করবেন। সম্ভাব্য খরচ প্রাপ্তির পর উদযাপন কমিটির আহ্বায়ক কর্তৃক এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয়ক জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (মূসক-বাস্তবায়ন ও আইটি) বরাবরে মোট বাজেট বরাদ্দ প্রদানের জন্য প্রেরণ করা হবে। উল্লেখ্য, সুষ্ঠুভাবে ও স্বচ্ছতার সাথে খরচ করার স্বার্থে দ্রুততম সময়ের মধ্যে অর্থ বরাদ্দ প্রদানের জন্যও অনুরোধ করতে হবে।

সিদ্ধান্ত–৫ : জাতীয় রাজস্ব বোর্ড ও তার অধীনস্থ কমিশনারেট, বিভাগীয় দপ্তর এবং সার্কেল অফিস-কেন্দ্রিক সভা, সেমিনার, র‍্যালি, প্রশিক্ষণ, জাতীয় দৈনিকে ক্রোড়পত্র প্রচার, স্মরণিকা প্রকাশ, স্থানীয়ভাবে রেডিও-টিভিতে বিজ্ঞাপন প্রচারসহ সরকারী নীতিমালা অনুযায়ী প্রণোদনামূলক বিভিন্ন কর্মসূচি গ্রহণ করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে প্রতিটি উপ-কমিটিকে স্ব-স্ব কমিটি সংশ্লিষ্ট কার্যক্রম প্রচার-প্রচারণার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত–৬ : জাতীয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদযাপন উপলক্ষে আয়েজিত প্রতিটি অনুষ্ঠানের শৃঙ্খলা ও মর্যাদা অক্ষুন্ন রাখার স্বার্থে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্দেশিত ও বোর্ডের অন্যান্য অনুষ্ঠানে অনুসৃত চেকলিস্ট প্রণয়ন ও তা সুচারুরূপে পরিপালন করতে হবে।

সিদ্ধান্ত–৭ : জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সূত্রের মাধ্যমে জারিকৃত নির্দেশনায় 'জাতীয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ' উল্লেখ করা হয়েছে বিধায় তার অনুসরণে সামগ্রিক কার্যক্রমে 'ভ্যাট' শব্দটির উপর গুরুত্ব আরোপ করতে হবে।

সিদ্ধান্ত-৮: মূল অনুষ্ঠানের সময়কাল/ব্যাপ্তি বিষয়ে স্টিয়ারিং কমিটি হতে সিদ্ধান্ত গৃহীত হবে।

সিদ্ধান্ত-৯: উপকমিটিসমূহ, পূর্ববর্তী বৎসরে সংশ্লিষ্ট উপ-কমিটির কাজের পরিধির আলোচনা, কোন event এর সংযোজন, বিয়োজন বা modification বিষয়ে (যেমন TVC তৈরী, আমন্ত্রিত তালিকা, বিভিন্ন খাতের পুরস্কার/সম্মাননা

ইত্যাদি) বিষয়ে কোন প্রস্তাব থাকলে (বিশেষত ভ্যাট দিবস এবং আসন্ন জাতীয় নির্বাচন একই সময়ে হওয়ায়) তা স্টিয়ারিং কমিটির নিকট উপস্থাপন করে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/০৯/২০১৮

জাকিয়া সুলতানা
কমিশনার
ও
আহ্বায়ক
জাতীয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০১৮ উদ্‌যাপন কমিটি
ফোন নং ঃ ০২-৫৫০৮০৩১৫
ফ্যাক্স নং ঃ ০২-৫৫০৮০৩২৩
ই-মেইল ঃ commdkn@yahoo.com

নথি নং-ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(১৬৬)/ভ্যাট দিবস উদ্‌যাপন/২০১৮/ ৭৭৭২(৫৪) তারিখ ঃ ২৭-০৯-১৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

০১। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা।
০২। কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১।
০৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
০৪। কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
০৫। কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
০৬। কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা।
০৭। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
০৮। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
০৯। কমিশনার, কাস্টম হাউজ (আইসিডি), কমলাপুর, ঢাকা।
১০। কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
১১। কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-২।
১২। কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
১৩। মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৪। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
১৫। কমিশনার, কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা।
১৬। জনাব মোঃ মাসুদ সাদিক, সদস্য (টেকনিক্যাল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা, বা/এ, ঢাকা।
১৭। জনাব সৈয়দ মুসফিকুর রহমান, প্রথম সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা অতিঃ দায়িত্ব-ভ্যাট অনলাইন প্রজেক্ট (পূর্ণকালীন)।
১৮। মিজ তাসমিনা হোসেন লুনা, অতিঃ কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম) ঢাকা।
১৯। মিজ মোবারা খানম, অতিঃ মহাপরিচালক মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
২০। জনাব শওকত আলী সাদী, প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২১। জনাব মুহম্মদ জাকির হোসেন, অতিঃ কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা।
২২। জনাব এ.কে.এম. মাহবুবুর রহমান, অতিঃ কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা।
২৩। জনাব মোঃ সামছুল ইসলাম, অতিঃ কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
২৪। জনাব একেএম নুরুল হুদা আজাদ, প্রথম সচিব (শুল্ক অব্যাহতি ও প্রকল্প সুবিধা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২৫। জনাব মাহমুদুল হাসান, অতিঃ কমিশনার, কাস্টম হাউজ, আইসিডি, কমলাপুর, ঢাকা।
২৬। জনাব এস.এম সোহেল রহমান, অতিরিক্ত কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর) ঢাকা।
২৭। মিজ শামীম আরা বেগম, অতিঃ কমিশনার, ভ্যাট অনলাইন প্রজেক্ট।
২৮। জনাব মোঃ শফি উদ্দিন, অতিঃ কমিশনার, বৃহৎ করদাত ইউনিট (মূসক), ঢাকা।
২৯। জনাব বশীর আহমেদ, অতিরিক্ত কমিশনার কমিশনার (চঃ দা), কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম) ঢাকা।
৩০। জনাব হাছান মুহম্মদ তারেক রিকাবদার, প্রথম সচিব, (মূসক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩১। জনাব মোহাম্মদ হাসমত আলী, যুগ্ম কমিশনার, বৃহৎ করদাত ইউনিট (মূসক), ঢাকা।
৩২। জনাব কাজী ফরিদ উদ্দীন, প্রথম সচিব (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৩৩। জনাব মোহাঃ মসিউর রহমান, প্রথম সচিব (শুল্ক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩৪। জনাব মোঃ খায়রুল কবির মিয়া, যুগ্ম কমিশনার, কাস্টম বন্ড কমিশনারেট, ঢাকা।
৩৫। ড. মোহাম্মদ তাজুল ইসলাম, যুগ্ম কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব) ঢাকা।
৩৬। জনাব মুহাঃ মাহবুবুর রহমান, যুগ্ম কমিশনার, কাস্টম হাউজ, ঢাকা।
৩৭। জনাব মশিউর রহমান, যুগ্ম কমিশনার (চলতি দায়িত্ব), কাস্টম বন্ড কমিশনারেট, ঢাকা।
৩৮। জনাব তারেক হাসান, দ্বিতীয় সচিব, (মূসক আইন ও বিধি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩৯। মিজ্ কাঞ্চন রানী দত্ত, দ্বিতীয় সচিব, (মূসক বাস্তবায়ন ও পণ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪০। জনাব মোহাম্মদ নাহিদুন্নবী, দ্বিতীয় সচিব (মূসক করদাতা সেবা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-</u>

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা, বা/এ, ঢাকা।
২-৮। সদস্য (সকল, কাস্টমস ও ভ্যাট), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৯। সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) ও জাতীয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ/২০১৮ উদযাপন কমিটির সমন্বয়কারী।
১০-১৬। কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর/কুমিল্লা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/যশোর।
১৭। মহাপরিচালক, কাস্টমস্, এক্সাইজ ও মূসক ট্রেনিং একাডেমী, সাগরিকা রোড, পাহাড়তলী, চট্টগ্রাম।
১৮-২৩। কমিশনার, শুল্ক বন্ড কমিশনারেট, চট্টগ্রাম/কাস্টম হাউজ, চট্টগ্রাম/মংলা/খুলনা/পানগাঁও/বেনাপোল, যশোর।
২৪। একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৭/০৯/২০১৮

এস, এম সোহেল রহমান
অতিরিক্ত কমিশনার
ও
সদস্য-সচিব
জাতীয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০১৮
উদ্‌যাপন কমিটি
ফোন নং ঃ ০২-৫৫০৮০৩১৫
ফ্যাক্স নং ঃ ০২-৫৫০৮০৩২৩
ই-মেইল ঃ commdkn@yahoo.com

O/C